

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৬২

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নকালে যা বলতে হয়

আরবী

عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَقَالَ لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ الْحَمْدُ لِلهِ وَسُبْحَانَ اللهِ وَلَا إِلَهَ إِلَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ الْحَمْدُ لِلهِ وَسُبْحَانَ اللهِ وَلَا إِلَهَ إِلَّا إِللهِ وَلَا عُوتَةً إِلَّا بِاللهِ ثُمَّ قَالَ اللَّهُمَّ اغْفِرْ لِي أَوْ دَعَا اسْتُجِيبَ لَهُ فَإِنْ تَوَضَاً وَصَلَلَى قُبِلَتْ صَلَاتُهُ

বাংলা

(৩১৬২) উবাদাহ বিন স্বামেত (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যে ব্যক্তি রাত্রে (ঘুমাতে ঘুমাতে সবাক্) জেগে উঠলে বলে,

'লা-ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকালাহু, লাহুল মুলকু অলাহুল হামদু অহুয়া আলা কুল্লি শাইয়িন কাদীর। আল হামদু লিল্লা-হ, অসুবহা-নাল্লাহ, অলা ইলা-হা ইল্লাল্লা-হু আক্বার, অলা হাউলা অলা কুউওয়াতা ইল্লা বিল্লা-হ।

অর্থাৎ- 'আল্লাহ ছাড়া কেউ সত্য উপাস্য নেই, তিনি একক,তাঁর কোন অংশী নেই, তাঁরই জন্য সারা রাজত্ব এবং তাঁরই নিমিত্তে সমুদয় প্রশংসা এবং তিনি সর্বশক্তিমান। যাবতীয় প্রশংসা আল্লাহর, আল্লাহ মহাপবিত্র, আল্লাহ ব্যতীত কেউ সত্য উপাস্য নেই, আল্লাহ সর্বাপেক্ষা মহান, আর আল্লাহর সাহায্য ব্যতীত (নড়া-সরা করার এবং) পাপ হতে ফিরার ও সংকর্ম করার কোন সাধ্য কারো নেই।'

অতঃপর সে ব্যক্তি যদি 'আল্লাহ্মাগফিরলী, (অর্থাৎ আল্লাহ! আমাকে ক্ষমা করে দাও) বলে অথবা কিছু প্রার্থনা করে, তবে তা তার নিকট থেকে মঞ্জুর করা হয়। অতঃপর যদি সে ওযু করে নামায পড়ে, তবে তার নামায কবুল করা হয়।" (বুখারী ১১৫৪, আসহাবে সুনান)

ফুটনোট

(বুখারী ১১৫৪, আসহাবে সুনান)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন